আজকের কাগজ

তারিখ 18 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ৫

51

### জামাতের কেন্দ্রীয় নেতাদের নির্দেশ

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের কমান্ডো বাহিনী গঠন

**ভ্রাম্যমান প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের উগ্রপন্থী একটি গ্রুপ ইসলামী কমান্ডো বাহিনী গঠন করেছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ে ১ জন নিহত ও এলাকাবাসী শিবিরকে বয়কট করার কারণে জামাতের কেন্দ্রীয় নেতাদের গোপন নির্দেশের প্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে শিবির সমর্থিত একটি সূত্র জানিয়েছে। শিবিরের সঙ্গে সংশ্লিষ্ট অপর একটি নির্ভরযোগ্য সূত্র জানায় যে ৫০ জন উগ্রপন্থী শিবির কর্মীর সমন্বয়ে কমান্ডো বাহিনী গঠন করা হয়েছে। জামাতের কেন্দ্রীয় নেতাদের গোপন নির্দেশ পেয়ে কুষ্টিয়া–ঝিনেদা জেলার থানা ও জেলা আমিররা গত ১ ডিসেম্বর এক গোপন রুদ্ধদ্বার বৈঠকে এ সিদ্ধান্ত নেয়। সূত্রটি আরো জানায় যে, এই কমান্ডো বাহিনীর সদস্যদের ঝিনেদা একটি স্থানে আধুনিক অস্ত্রের প্রশিক্ষণসহ নানা ধরণের হামলার পরিকল্পনা দেয়া হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের হলগুলোসহ এই এলাকায় শিবিরের ঘাঁটি ও অবস্থান সুদৃঢ় করতে এই নবগঠিত কমান্ডো বাহিনী ব্যাপক তৎপরতা চালিয়ে যাবে। ভবিষ্যতে তারা যে কোনো চ্যালেঞ্জের মোকাবিলা যাতে কমান্ডো স্টাইলে করতে পারে তার জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে বলে সূত্রটি উল্লেখ করে। আর এ কাজে স্থানীয় জামাতের নেতা কর্মীরা সার্বিক সহায়তা করবে বলে বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। জামাতের সঙ্গে সংশ্লিষ্ট অপর একটি সূত্র জানায় যে, বিশ্ববিদ্যালয়ের জামাতপন্থী কতিপয় শিক্ষক ও কর্মচারি কমান্ডো বাহিনীকে পূর্ণ সহায়তা করার আশ্বাস প্রদান করেছে। তারা যে কোনো পরিস্থিতিতে এই বাহিনীকে, সমর্থন ও সহায়তা প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে।

অপরদিকে শিবির ও জামাত নেতাদের সশস্ত্র ঘোরাফেরা ও ব্যাপক সন্ত্রাসের পদক্ষেপ নেয়ায় এবং পুলিশের নিষ্ক্রিয়তার কারণে এই এলাকার জনগণ চরম নিরাপত্তাহীনতায় ভুগছে।